# আওয়ামীলীগ নেতার শুরুমে বিএনপি নেতার জুয়ার আসর,গ্রেফতার ৯ জন



সংগৃহীত ছবি

পাবনার সাদুল্লাপুর ইউনিয়নের শ্রীকোল বাজারে জুয়ার আসর থেকে বিএনপি সমর্থিত চেয়ারম্যান পদপ্রার্থী আব্দুর রউফসহ নয়জনকে আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার (২১ আগস্ট) রাত ১১টার দিকে পাবনা জেলা স্বেচ্ছাসেবক লীগের সাংগঠনিক সম্পাদক হুমায়ুন কবির পাভেলের আরএফএলের শোরুমে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। পরদিন শুক্রবার দুপুরে আদালতের মাধ্যমে তাদের কারাগারে পাঠানো হয়।

আটককৃতদের মধ্যে রয়েছেন— সাদুল্লাপুর ইউনিয়নের চোমরপুর গ্রামের আব্দুর রহিমের ছেলে ও বিএনপি সমর্থিত চেয়ারম্যান প্রার্থী আব্দুর রউফ (৪৫), শ্রীকোল গ্রামের খাজা হোসেন (৪০), লোহাগড়া গ্রামের সাইফুল ইসলাম (৩৯), সাবেক চেয়ারম্যান মো. জনি (৪০), লালন হোসেন (৩৮), হাশেম আলী (৪০), জলিল মুন্সী (৪২), আমিরুল ইসলাম (৪০) ও আব্দুল মজিদ (৪২)।

LENS ASIA

জানা যায়, আব্দুর রউফ এক সময় সাবেক পাবনা পৌর মেয়র ও বিএনপি নেতা কামরুল হাসান মিন্টুর সঙ্গে বিএনপির রাজনীতিতে যুক্ত ছিলেন। পরবর্তীতে মিন্টু আওয়ামী লীগে যোগ দিলেও, রউফ এলাকায় নিজেকে বিএনপি নেতা পরিচয়ে সক্রিয় রেখে চেয়ারম্যান পদে প্রার্থিতা ঘোষণা করেন। সম্প্রতি তিনি বিভিন্ন সভা-সমাবেশে দোয়া চাইতে গিয়ে পোস্টার-বিলবোর্ডও টাঙান।

স্থানীয় সূত্রে জানা গেছে, শ্রীকোল বাজারের ওই শোরুমে দীর্ঘদিন ধরে আওয়ামী লীগ ও বিএনপি সমর্থিত কিছু ব্যক্তি নিয়মিত জুয়ার আসর বসিয়ে আসছিল। বৃহস্পতিবার রাতের অভিযানে পুলিশের উপস্থিতি টের পেয়ে কয়েকজন পালিয়ে গেলেও নয়জনকে আটক করা হয়। স্থানীয়দের অভিযোগ, স্বেচ্ছাসেবক লীগ নেতা হুমায়ুন কবির পাভেল টাকার বিনিময়ে শোরুমটি জুয়াড়ুদের কাছে ভাড়া দেন। প্রতিদিন সন্ধ্যা থেকে গভীর রাত পর্যন্ত চলে এ জুয়ার আসর, যার ফলে অনেক সাধারণ মানুষ সর্বস্বান্ত হয়ে পড়ছে। পাশাপাশি এলাকায় গরু চুরি, চাঁদাবাজি ও নানা অপকর্ম বেড়ে গেছে।

আতাইকুলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) একেএম হাবিবুল আওয়াল জানান, আটককৃতদের বিরুদ্ধে মামলা দায়ের করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।